

বঙ্গবাহা

ফেব্রুয়ারি ১৮, ২০১৯

ব্র্যাক ইউনিভার্সিটির উপ-উপাচার্য অধ্যাপক মোহাম্মদ তামিম

সম্প্রতি ব্র্যাক ইউনিভার্সিটির উপ-উপাচার্য পদে যোগ দিয়েছেন অধ্যাপক মোহাম্মদ তামিম। ব্র্যাক ইউনিভার্সিটিতে যোগদানের আগে তিনি বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) পেট্রোলিয়াম অ্যান্ড মিনারেল রিসোর্সেস ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ছিলেন। অধ্যাপক তামিম কানাডার ইউনিভার্সিটি অব আলবার্টা থেকে পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিংয়ে পিএইচডি ডিগ্রি লাভ করেন। এর আগে তিনি বুয়েট থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক ও ভারতের ইন্ডিয়ানা ইনস্টিটিউট অব টেকনোলজি (আইআইটি) থেকে একই বিভাগে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন।

বর্ণাঢ্য পেশাজীবনে অধ্যাপক তামিম বিদ্যুৎ ও জ্বালানি খাতের নীতি ও পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। বিশ্বব্যাংক, জাইকা, ইউএস এইডসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থায় তিনি পরামর্শক হিসেবে কাজ করেছেন। তিনি সাবেক তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টার বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিশেষ সহকারীর দায়িত্ব পালন করেন। —
বিজ্ঞপ্তি